

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২৮(আগরতলা, ১৭।০৪)  
বিলোনীয়া, ১৭ এপ্রিল, ২০১৮

দক্ষিণ জেলায় বি আর আশ্বেদকর জন্মবার্ষিকী উদযাপিত

বিলোনীয়ার অগ্নিবীনা কমিউনিটি হলে গত ১৪ এপ্রিল দক্ষিণ জেলা ভিত্তিক ভারতরত্ন ড.বি আর আশ্বেদকরের ১২৭তম জন্ম বার্ষিকী ও সামাজিক ন্যায় বিচার দিবস উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, সামাজিক অস্পৃশ্যতা, জাতিগত বিভেদ থেকে শুরু করে সমস্ত প্রকার বিভেদকে পেছনে ফেলে সমাজের সকলকে নিয়ে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখতেন আশ্বেদকর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা শাসক সি কে জমাতিয়া, পুলিশ সুপার ইপার মনচাক, বিলোনীয়ার মহকুমা শাসক গুনচা সানোবার প্রমুখ। সভাপতিত্ব করেন সমাজসেবী বিভীষণ চন্দ্র ঘোষ।

\*\*\*\*\*